রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, সেপ্টেম্বর ৯, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**চেয়ারম্যানের কার্যালয়**
**নিম্নতম মজুরী বোর্ড**

## বিজ্ঞপ্তি

তারিখ: ২০ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ / ০৪ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং ৪০.০৪.০০০০.০০২.৩৬.০০৫.২৩.২৬—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ১৩৯ (১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮ (১) বিধি মোতাবেক নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক ''ট্যানারী'' শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক-কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশ, ২০২৪ জনসাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত ''ট্যানারী'' শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক-কর্মচারীগণের নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোনো আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে এই গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে উক্ত আপত্তি বা সুপারিশ উপাত্তসহ লিখিতভাবে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ৪০, সেগুনবাগিচা, শাহ পোরশিয়া (১৪তম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমার মধ্যে প্রদত্ত আপত্তি বা সুপারিশ বিবেচনার পর বোর্ড সরকারের নিকট সুপারিশ পেশ করিবেন।

**লিয়াকত আলী মোল্লা**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

## ‘‘ট্যানারী’’ শিল্প

## খসড়া সুপারিশ-২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ২৩/০৭/২০২৩ তারিখের প্রজ্ঞাপন মূলে (নম্বর: ৪০.০০.০০০০.০১৬.৩২.০৭৮.১৭.১৫৩ তারিখ: ২৩/০৭/২০২৩ খ্রিষ্টাব্দ) নিম্নতম মজুরী বোর্ডে “ট্যানারী” শিল্প সেক্টরের প্রতিনিধিত্ব করার জন্য মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়। অতঃপর শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর স্মারক নম্বর ৪০.০০.০০০০.০১৬.৩২.০৭৮.১৭.১৫৫ তারিখ: ২৪/০৭/২০২৩ খ্রিষ্টাব্দ মূলে আইন ও বিধি মোতাবেক “ট্যানারী” শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক ও কর্মচারীগণের নিম্নতম মজুরি নির্ধারণের কার্যক্রম গ্রহণের জন্য নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ড “ট্যানারী” শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে নিম্নতম মজুরী বোর্ডের একাধিক সভা অনুষ্ঠিত হয়। এছাড়া বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণ সাভারের হেমায়েতপুর অবস্থিত এপেক্স ট্যানারী লি:, সামিনা ট্যানারী (প্রা:) লি:, ভুলুয়া ট্যানারী লি: ও আর. কে লেদার কমপ্লেক্স “ট্যানারী” শিল্প সরেজমিনে উপস্থিত হইয়া বিভিন্ন কার্যক্রম পর্যবেক্ষণ ও সংশ্লিষ্ট মালিক ও শ্রমিক নেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভা করে তথ্য উপাত্ত সংগ্রহ করেন।

বোর্ডের সভায় সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্যের দাখিলকৃত মজুরি প্রস্তাবসহ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৪১ ধারা মোতাবেক শ্রমিকদের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরন, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনা করা হয়। সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৩৯ মোতাবেক “ট্যানারী” শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হার নির্ধারণের বিষয়ে নিম্নতম মজুরী বোর্ড সর্বসম্মতিক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিতভাবে খসড়া সুপারিশ পেশ করিল:

১। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার “ট্যানারী” শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। এই সুপারিশে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণিতে/গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। উক্ত শিল্প সেক্টরের তফসিলে উল্লিখিত শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাদেরকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহাদের মজুরি নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিক ও কর্মচারীকে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই সুপারিশের প্রেক্ষিতে সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরি রেজিস্টারভুক্ত করত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিল “ক” ও “খ” এ উল্লিখিত মজুরি নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না, তবে উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিকহারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে বা এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক অথবা শ্রমিকগণ ও কর্মচারীগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৭। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী ''শ্রমিক'' বলিয়া গণ্য হইবেন। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে কোনো সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়-দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার নিম্নতম মজুরি বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কোনোক্রমেই কম মজুরি প্রদান করিতে পারিবেন না।

৮। শর্ত (৭) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। উক্ত শিল্প সেক্টরের মালিক যদি শ্রমিককে ফুরনভিত্তিক (Piece rate) অথবা দৈনিক মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তফসিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রাপ্ত না হন।

১০। তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক ও কর্মচারীগণ কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক বলবৎ অব্যাহত থাকিবে।

১১। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি সমন্বয় করিয়া ০১(এক) বৎসর কর্মরত থাকার পর শ্রমিকগণের মূল মজুরির ৫% হারে বাৎসরিক ভিত্তিতে মজুরি বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় মূল মজুরির ৫% হারে বৃদ্ধি পাইবে।

**ব্যাখ্যা:** যদি একজন শ্রমিকের মূল মজুরি ৯৫৩০/- (নয় হাজার পাঁচশত ত্রিশ) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরি ৫% বৃদ্ধি পাইয়া মূল মজুরি ১০০০৬·৫০/- (দশ হাজার ছয় টাকা পঞ্চাশ পয়সা) টাকা নির্ধারিত হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ১০০০৬·৫০/- (দশ হাজার ছয় টাকা পঞ্চাশ পয়সা) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ১০৫০৬.৮৩ (দশ হাজার পাঁচশত ছয় টাকা তিরাশি পয়সা ) টাকা নির্ধারিত হইবে।

১২। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক ও কর্মচারীগণ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

১৩। উক্ত সেক্টরের মালিকগণ যদি শ্রমিক ও কর্মচারীগণের পরিবারের জন্য আবাসন সুবিধা প্রদান করিয়া থাকেন তাহা হইলে সেইক্ষেত্রে উক্ত আবাসন সুবিধা গ্রহণকারী শ্রমিক ও কর্মচারীগণের জন্য বাড়ী ভাতা প্রযোজ্য হইবে না।

১৪। এই সুপারিশের কোনো অংশ প্রচলিত বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সহিত সাংঘর্ষিক হইলে সেই অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

**লিয়াকত আলী মোল্লা**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

**অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন**
নিরপেক্ষ সদস্য

**মকসুদ বেলাল সিদ্দিকী**
মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

**সুলতান আহম্মদ**
শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

**মো: মিজানুর রহমান**
সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

**আবদুল মালেক**
সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

**তপশিল “ক”**

**শ্রমিকগণের জন্য মাসিক নিম্নতম মজুরি হার**

| শ্রমিক শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সাভার এলাকায় মূল মজুরির ৭০% এবং অন্যান্য এলাকায় মূল মজুরির ৬০%) (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| <u>গ্রেড-১ :</u><br>১। সিলেক্টর বা স্কীন সিলেক্টর/ হ্যান্ড মেজারার<br>২। মিস্ত্রি (বৈদ্যুতিক ও মেশিন মেরামত)<br>৩। হ্যান্ড ফ্লেশারম্যান (গরুর চামড়া)<br>৪। শেভার (১২″-১৮″) মেকানিক্যাল<br>৫। লেদম্যান<br>৬। ইলেকট্রিশিয়ান<br>৭। ফিটার মিস্ত্রী<br>৮। বয়লার অপারেটর<br>৯। মেশিন ফ্লেশারম্যান<br>১০। ইসপ্লিটিং মেশিনম্যান<br>১১। শেভিং মেশিনম্যান<br>১২। ড্রাই শেভিং মেশিনম্যান<br>১৩। বাফিং মেশিনম্যান (বড়) | বিভাগীয় শহর ও সাভার এলাকা | ১৯০৪০/- | ১৩৩২৮/- | ১১০০/- | ৭০০/- | ৩৪১৬৮/- |
| | অন্যান্য এলাকা | ১৯০৪০/- | ১১৪২৪/- | ১১০০/- | ৭০০/- | ৩২২৬৪/- |
| <u>গ্রেড-২ :</u><br>১। হ্যান্ড ফ্লেশারম্যান (ছাগল/মহিষের চামড়া)<br>২। কাঠমিস্ত্রী<br>৩। জেনারেটর অপারেটর<br>৪। ওয়েল্ডার<br>৫। হাইড্রোলিক প্রেসারম্যান<br>৬। ড্রামম্যান<br>৭। গ্লেজিং মেশিনম্যান<br>৮। সেটিং মেশিনম্যান<br>৯। ভ্যাকুয়াম ড্রায়ার<br>১০। হ্যান্ড স্প্রে | বিভাগীয় শহর ও সাভার এলাকা | ১৫৬৪০/- | ১০৯৪৮/- | ১১০০/- | ৭০০/- | ২৮৩৮৮/- |
| | অন্যান্য এলাকা | ১৫৬৪০/- | ৯৩৮৪/- | ১১০০/- | ৭০০/- | ২৬৮২৪/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| <u>গ্রেড-৩ :</u><br>১। রোলার মেশিনম্যান<br>২। সেটারম্যান (হ্যান্ড)<br>৩। সোল পিটম্যান<br>৪। স্কাটিংম্যান<br>৫। সেমিং মেশিনম্যান (রোটারী)<br>৬। পলিশিং মেশিনম্যান<br>৭। ঠোকাইম্যান/টগলম্যান<br>৮। পলিশম্যান<br>৯। ড্রেসিংম্যান<br>১০। মেজারিং মেশিনম্যান (মেকানিক্যাল)<br>১১। বাফিং মেশিনম্যান (ছোট)<br>১২। স্ট্যাকারম্যান (জ-স্ট্যাকার)<br>১৩। ট্রিমিংম্যান/ছাটাকাটা<br>১৪। আইরনিং মেশিনম্যান<br>১৫। আনহেয়ারারম্যান<br>১৬। রোলার কোটারম্যান<br>১৭। ফিনিপ্লেক্স মেশিনম্যান<br>১৮। সহকারী ইসপ্লিটিং মেশিনম্যান<br>১৯। জুনিয়র শেভিং মেশিনম্যান<br>২০। লিফটম্যান<br>২১। জুনিয়র সিলেক্টর<br>২২। জুনিয়র বয়লারম্যান<br>২৩। জুনিয়র ফ্লেশিং মেশিনম্যান<br>২৪। রোটারী স্ট্যাকিং<br>২৫। টানেল ড্রায়ার<br>২৬। অটো স্প্রে<br>২৭। জুনিয়র বাফিং মেশিনম্যান<br>২৮। প্যাডেলম্যান | বিভাগীয় শহর ও সাভার এলাকা | ১৩০৬০/- | ৯১৪২/- | ১১০০/- | ৭০০/- | ২৪০০২/- |
| | অন্যান্য এলাকা | ১৩০৬০/- | ৭৮৩৬/- | ১১০০/- | ৭০০/- | ২২৬৯৬/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| <u>**গ্রেড-৪ :**</u><br>১। বাইব্রেটিং স্ট্যাকিংম্যান<br>২। থ্রোফিড আইরনিং<br>৩। মেজারিং মেশিনম্যান (অটো)<br>৪। থ্রোফিড সেমিং মেশিনম্যান<br>৫। জুনিয়র সেটিং মেশিনম্যান<br>৬। প্যাকিংম্যান<br>৭। জুনিয়র হাইড্রোলিক মেশিনম্যান<br>৮। রটো প্রেসম্যান | বিভাগীয় শহর ও সাভার এলাকা | ১১২৯০/- | ৭৯০৩/- | ১১০০/- | ৭০০/- | ২০৯৯৩/- |
| | অন্যান্য এলাকা | ১১২৯০/- | ৬৭৭৪/- | ১১০০/- | ৭০০/- | ১৯৮৬৪/- |
| <u>**গ্রেড-৫ :**</u><br>১। উপরে উল্লিখিত শ্রমিক ছাড়া অদক্ষ সাধারণ/অন্যান্য শ্রমিক। | বিভাগীয় শহর ও সাভার এলাকা | ৯৫৩০/- | ৬৬৭১/- | ১১০০/- | ৭০০/- | ১৮০০১/- |
| | অন্যান্য এলাকা | ৯৫৩০/- | ৫৭১৮/- | ১১০০/- | ৭০০/- | ১৭০৪৮/- |
| **শিক্ষানবিশ শ্রমিক :** | (ক) শিক্ষানবিশিকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে = ১১৩৩০/- (এগারো হাজার তিনশত ত্রিশ) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

**তফসিল "খ"**

**কর্মচারীগণের জন্য মাসিক নিম্নতম মজুরি হার**

| কর্মচারী শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সাভার এলাকায় মূল মজুরির ৭০% এবং অন্যান্য এলাকায় মূল মজুরির ৬০%) (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| <u>গ্রেড-১:</u><br>১। হিসাবরক্ষক | বিভাগীয় শহর ও সাভার এলাকা | ১৯০৪০/- | ১৩৩২৮/- | ১১০০/- | ৭০০/- | ৩৪১৬৮/- |
| | অন্যান্য এলাকা | ১৯০৪০/- | ১১৪২৪/- | ১১০০/- | ৭০০/- | ৩২২৬৪/- |
| <u>গ্রেড-২:</u><br>১। সহকারী হিসাবরক্ষক/ হিসাব সহকারী<br>২। উচ্চমান সহকারী | বিভাগীয় শহর ও সাভার এলাকা | ১৫৬৪০/- | ১০৯৪৮/- | ১১০০/- | ৭০০/- | ২৮৩৮৮/- |
| | অন্যান্য এলাকা | ১৫৬৪০/- | ৯৩৮৪/- | ১১০০/- | ৭০০/- | ২৬৮২৪/- |
| <u>গ্রেড-৩ :</u><br>১। স্টোর কিপার<br>২। টাইপিস্ট<br>৩। টেলিফোন অপারেটর<br>৪। ড্রাইভার<br>৫। কম্পিউটার ম্যান/ কম্পিউটার অপারেটর | বিভাগীয় শহর ও সাভার এলাকা | ১১২৯০/- | ৭৯০৩/- | ১১০০/- | ৭০০/- | ২০৯৯৩/- |
| | অন্যান্য এলাকা | ১১২৯০/- | ৬৭৭৪/- | ১১০০/- | ৭০০/- | ১৯৮৬৪/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| <u>গ্রেড-৪ :</u><br>১। পিয়ন<br>২। দারোয়ান<br>৩। নাইটগার্ড<br>৪। মালি<br>৫। সুইপার/ক্লিনার | বিভাগীয় শহর ও সাভার এলাকা | ৯৫৩০/- | ৬৬৭১/- | ১১০০/- | ৭০০/- | ১৮০০১/- |
| | অন্যান্য এলাকা | ৯৫৩০/- | ৫৭১৮/- | ১১০০/- | ৭০০/- | ১৭০৪৮/- |
| **শিক্ষানবিশ কর্মচারী:** | (ক) শিক্ষানবিশিকাল ০৬ (ছয়) মাস।<br>(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ কর্মচারী মাসিক সর্বসাকুল্যে = ১১৩৩০/- (এগারো হাজার তিনশত ত্রিশ) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd